# 📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৪১৮

৬. সদাচারণ ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرِّ وَالْإِحْسَانِ)

পরিচ্ছেদঃ যে ব্যক্তির জীবদ্দশাতেই বাবা-মা মারা গিয়েছেন, তিনি বাবা-মার সাথে সদাচারণ কীভাবে করবেন, তার বিবরণ

## ذِكْرُ وَصْفِ بِرِّ الْوَالِدَيْنِ لِمَنْ تُوُفِّيَ أَبَوَاهُ فِي حَيَاتِهِ

আরবী

أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ قَالَ حَدَّثَنَا حِبَّانُ قَالَ أَنْبَأَنَا عَبْدُ اللَّهِ عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ سُلَيْمَانَ عَنْ أُسَيْدِ بْنِ عَلِيِّ بْنِ عُبَيْدٍ السَّاعِدِيِّ عَنْ أَبِيهِ
عَنْ أَبِي أُسَيْدٍ قَالَ أَتَى رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ رَجُلٌ مِنْ بَنِي سَلِمَةَ وَأَنَا عِنْدَهُ فَقَالَ يَا رَسُولَ اللَّهِ إِنَّ أَبَوَيَّ قَدْ هَلَكَا فَهَلْ بَقِيَ لِي بَعْدَ مَوْتِهِمَا مِنْ بِرِّهِمَا شَيْءٌ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ "نَعَمْ الصَّلَاةُ عَلَيْهِمَا وَالِاسْتِغْفَارُ لَهُمَا وَإِنْفَاذُ عُهُودِهِمَا مِنْ بَعْدِهِمَا وَإِكْرَامُ صَدِيقِهِمَا وَصِلَةُ رَحِمِهِمَا الَّتِي لَا رَحِمَ لَكَ إِلَّا مِنْ قِبَلِهِمَا" قَالَ الرَّجُلُ مَا أَكْثَرَ هَذَا يَا رَسُولَ اللَّهِ وَأَطْيَبَهُ قَالَ "فَاعْمَلْ بِه."

الراوي : أَبو أُسَيْدٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 418 | خلاصة حكم المحدث: ضعيف.

বাংলা

৪১৮. আবু উসাইদ রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর কাছে বানু সালিমাহ গোত্রের একজন ব্যক্তি আসলেন, এসময় আমি তাঁর কাছেই ছিলাম। তিনি বললেন: “হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আমার বাবা-মা মারা গেছেন, তাদের মৃত্যু বরণ করার পর তাদের সাথে আমার সদাচারণ করার কোন কিছু বাকি আছে কি?” রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: “হ্যাঁ। তাদের জন্য দু‘আ করা, ক্ষমা প্রার্থনা করা, তাদের পরে তাদের কৃত চুক্তি-ওয়াদা-অঙ্গিকার বাস্তবায়ন করা, তাদের বন্ধুদের সম্মান করা ও তাদের রক্ত সম্পর্কীয় ব্যক্তি; যারা কেবল তাদের দিক দিয়েই তোমার রক্ত সম্পর্কীয়- তাদের সাথে সুসম্পর্ক বজায় রাখা।” তখন সে লোকটি বললেন: “হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া

সাল্লাম, এই হকগুলো কতইনা বেশি এবং সুন্দর!” রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, তুমি এগুলো অনুযায়ী কাজ করো।”[1]

## ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৩/৪৯৭; আবু দাউদ: ৫১৪২; ইবনু মাজাহ: ৩৬৬৪; আদাবুল মুফরাদ: ৩৫; তাবারানী আল কাবীর: ১৯/৫৯২।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ য‘ঈফ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে য‘ঈফ বলেছেন। (আয য‘ঈফাহ: ৫৯৭।)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ উসাইদ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88882

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন